

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রেলপথ মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
www.mor.gov.bd

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০৭.১৮.০০৬.২৩.১০৪

তারিখ: ৩০ মাঘ ১৪২৯

১৩ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: বাংলাদেশ রেলওয়ের মূলধনী অনিশ্চিত হিসাবের আওতায় 'স্টোর পারচেজ রেলওয়ে' শীর্ষক খাত (অর্থনৈতিক কোড নং ৪১২৭১০১) হতে ক্রয়/সংগ্রহ কার্যক্রমে সরঞ্জাম বিভাগের একটি কেন্দ্রীয় ইউনিট তথা প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক এবং দুটি আঞ্চলিক ইউনিট সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব ও পশ্চিম) কে ক্ষমতায়ন সংক্রান্ত

সূত্র: (১) বাংলাদেশ রেলওয়ের স্মারক নং-৫৪.০১.০০০০.০১৬.২২.০০১.২২-১১৫৩ (১), তারিখ: ৩০/০১/২০২৩

(২) বাংলাদেশ রেলওয়ের স্মারক নং-৫৪.০১.০০০০.০১৬.২২.০০১.২২-১১২৫/১ (১), তারিখ: ১৬/০১/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ের সরঞ্জাম বিভাগীয় কোড **Bangladesh Railway Code for the Stores Department** (স্টোরস কোড) এর মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের প্রয়োজনীয় পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের দায়িত্ব সরঞ্জাম বিভাগের উপর ন্যস্ত রয়েছে। সরঞ্জাম বিভাগ কর্তৃক মালামাল ক্রয়/সংগ্রহ কাজে বাংলাদেশ রেলওয়ের মূলধনী অনিশ্চিত হিসাবের আওতায় স্টোর পারচেজ রেলওয়ে শীর্ষক খাত (অর্থনৈতিক কোড নং ৪১২৭১০১) ব্যবহৃত হয়ে আসছে। সুষ্ঠু সরঞ্জাম ব্যবস্থাপনার স্বার্থে প্রশাসনিক সংস্কারের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাংলাদেশ রেলওয়ের সরঞ্জাম বিভাগকে সুনির্দিষ্ট দায়িত্ব অর্পণ করে তিনটি ইউনিটে [কেন্দ্রীয় ইউনিট: প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, পূর্বাঞ্চলীয় ইউনিট: সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) এবং পশ্চিমাঞ্চলীয় ইউনিট: সরঞ্জাম নিয়ন্ত্রক (পশ্চিম)] বিভক্ত করা হয়েছে।

০২। উল্লেখ্য, **Bangladesh Railway Code for the Stores Department** (স্টোরস কোড) এর অনুষঙ্গ ১৩২: **Schedule of Powers of Purchase, Sale, etc** হালনাগাদ করা প্রয়োজন। হালনাগাদকরণ না হওয়া অবধি ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত আর্থিক ক্ষমতার পুনঃঅর্পণ (**Sub-delegation of Financial Power**) আদেশ প্রয়োজন।

০৩। প্রশাসনিক স্বার্থে বাংলাদেশ রেলওয়ের মূলধনী অনিশ্চিত হিসাবের আওতায় 'স্টোর পারচেজ রেলওয়ে' শীর্ষক খাত (অর্থনৈতিক কোড নং ৪১২৭১০১) হতে বাংলাদেশ রেলওয়ের প্রয়োজনীয় ক্রয়/সংগ্রহ, বিল অনুমোদন ও পরিশোধ সংক্রান্ত কাজে অনুমোদিত সাংগঠনিক কাঠামো ও কার্যপরিধি অনুযায়ী কেন্দ্রীয় ইউনিট: প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক এবং আঞ্চলিক ইউনিটদ্বয়কে {সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) ও সরঞ্জাম নিয়ন্ত্রক (পশ্চিম)} আর্থিক ক্ষমতা নির্দেশক্রমে প্রদান করা হলো।

১৩-২-২০২৩

হোসনে আরা

উপসচিব

মহাপরিচালক

মহাপরিচালক-এর দপ্তর

ফোন: ৪১০৫০২৪৪


ফ্যাক্স: ৭১১৫৫৯৯

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০৭.১৮.০০৬.২৩.১০৪/১(১০)

তারিখ: ৩০ মাঘ ১৪২৯  
১৩ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) যুগ্মসচিব, বাজেট ও পরিবীক্ষন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা
- ৪) রেক্টর, বাংলাদেশ রেলওয়ে ট্রেনিং একাডেমি, হালিশহর, চট্টগ্রাম
- ৫) মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী
- ৬) প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম
- ৭) অর্থ-উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী
- ৮) সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী
- ৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
- ১০) যুগ্মসচিব (প্রশাসন, প্রশাসন-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা



১৩-২-২০২৩

হোসনে আরা

উপসচিব